

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ অধিশাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬১০০.০১৭.২৭.০০১.১৬- ৮০৮

তারিখ : ০৩ আশ্বিন, ১৪২৩  
১৮ সেপ্টেম্বর, ২০১৬

বিষয় : ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলার মুগটুলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: বদরুজ্জামান মামুন এর বিরুদ্ধে এলজিএসপি-২ এর অর্থ আত্মসাতের কারণে আইনগত ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর পত্র নং-৬৪০, তারিখ : ২১/০৮/২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলার মুগটুলা ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান জনাব মো: বদরুজ্জামান মামুন এর বিরুদ্ধে এলজিএসপি-২ এর ১৩,৭১,৫৩৩/- (তের লক্ষ একাত্তর হাজার পাঁচশত তেত্রিশ) টাকা ইউপি সচিব এর নিকট হতে জোরপূর্বক স্বাক্ষর করে উত্তোলনের বিষয়ে ঈশ্বরগঞ্জ থানায় দায়েরকৃত মামলা নং-২২, তারিখ : ১৮/০৮/২০১৬ এর সর্বশেষ অবস্থা জানিয়ে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)  
উপ সচিব  
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক  
ময়মনসিংহ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. উপ-প্রকল্প পরিচালক(প্রশাসন, অর্থ ও ক্রয়), এলজিএসপি-২ প্রকল্প, সিটি সেন্টার(লেভেল-১০), ৯০/১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।